

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০


প্রচার পত্র নং- ৪০/২০২১

তারিখঃ ২১/০৬/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য/সদস্য সি এন্ড এফ এজেন্টগণের সদয় অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, সম্প্রতি একটি স্বায়ত্বশাসিত সংস্থা তাদের আমদানীকৃত পণ্য সামগ্রী পরিবহন ও খালাসের জন্যে সি এন্ড এফ এজেন্ট ব্যতীত শুধুমাত্র পরিবহন ঠিকাদার নিয়োগের জন্যে দরপত্র আহ্বান করেছেন। সরকার তথা জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ম অনুযায়ী কোন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত পণ্য খালাসের জন্যে সি এন্ড এফ এজেন্ট নিয়োগ করতে হয়। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্ট কাস্টমস ও বন্দরের যাবতীয় কার্যক্রম সম্পাদন করে আমদানীকৃত পণ্য খালাস করার পরই শুধুমাত্র উক্ত পণ্য পরিবহন করার জন্যে পরিবহন ঠিকাদারের কার্যক্রম শুরু হয়। কিন্তু সংশ্লিষ্ট সংস্থা কোন ব্যক্তি বা গোষ্ঠির স্বার্থে, কোন বিশেষ মহলকে সুবিধা প্রদানের উদ্দেশ্যে প্রচলিত আইন ও নিয়ম নীতির তোয়াক্কা না করে তাদের আমদানীকৃত পণ্য পরিবহন ও খালাসের জন্যে সি এন্ড এফ এজেন্ট ব্যতীত শুধুমাত্র পরিবহন ঠিকাদার নিয়োগ প্রদানের দরপত্র আহ্বান করেছে। সি এন্ড এফ এজেন্ট ব্যতীত কোন পরিবহন ঠিকাদারের পক্ষে আমদানীকৃত পণ্য খালাস করা সম্ভব হবেনা। তাই যে কোন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক তাদের আমদানীকৃত পণ্য পরিবহন ও খালাসের জন্যে সি এন্ড এফ এজেন্ট ব্যতীত শুধুমাত্র পরিবহন ঠিকাদার নিয়োগ প্রদান করা হলে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের আমদানীকৃত পণ্য খালাস হতে বিরত থাকার জন্যে সকল সম্মানিত সদস্য/সদস্য সি এন্ড এফ এজেন্টগণকে বিশেষভাবে অনুরোধ করা হল।


মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক